



ঢাকায় পৌঁছালেন যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন



সংগৃহীত ছবি

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের নবনিযুক্ত রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন ঢাকায় পৌঁছেছেন। সোমবার ১২ জানুয়ারি সন্ধ্যায় শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করলে তাকে স্বাগত জানান পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ঢাকাস্থ মার্কিন দূতাবাসের কর্মকর্তারা। ঢাকায় এসে তিনি আনুষ্ঠানিকভাবে নিজের কূটনৈতিক কার্যক্রম শুরু করেন। এর আগে ৯ জানুয়ারি ওয়াশিংটন ডিসিতে তাকে বাংলাদেশের জন্য যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে শপথবাক্য পাঠ করানো হয়। শপথ অনুষ্ঠানের পর ক্রিস্টেনসেন বলেন, বাংলাদেশ তার কাছে পরিচিত একটি দেশ এবং এখানে ফিরে কাজ করার সুযোগ পেয়ে তিনি আনন্দিত। ঢাকায় মার্কিন দূতাবাসের টিমের সঙ্গে কাজ করে দুই দেশের সম্পর্ক আরও গভীর করার লক্ষ্যে জানান তিনি।

কূটনৈতিক সূত্র জানায়, চলতি সপ্তাহেই তিনি রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে পরিচয়পত্র জমা দেবেন। তার আগে পররাষ্ট্রসচিব আসাদ আলম সিয়াম ও রাষ্ট্রাচার বিভাগের প্রধান নুরুল ইসলামের সঙ্গে সাক্ষাৎ করে আনুষ্ঠানিক প্রক্রিয়ার প্রস্তুতি নেবেন। এই পর্ব শেষ হলে বাংলাদেশে তার পূর্ণ মেয়াদের দায়িত্ব শুরু হবে।

উল্লেখ্য, ব্রেন্ট ক্রিস্টেনসেন এর আগেও ঢাকায় দায়িত্ব পালন করেছেন। ২০১৯ থেকে ২০২১ সাল পর্যন্ত তিনি মার্কিন দূতাবাসে রাজনৈতিক ও অর্থনৈতিক বিষয়ক কাউন্সেলর ছিলেন। তার আগে পিটার হাস বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে কাজ করে দায়িত্ব হস্তান্তর করেন।